

লাদি দাখিল না এর শর্ত (৮) এর শর্তাংশে উল্লিখিত “রেজিস্ট্রেশনের তারিখ হইতে ন্যূনতম ৮ (আট) বৎসর  
 (বন্ড) অথবা ট্যাক্সিক্যাব হিসাবে চালানোর পর” শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “উৎপাদনের তারিখ হইতে  
 এবং আইনী ন্যূনতম ৮ (আট) বৎসর অতিবাহিত হইলে” শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।  
 স্থগিতাদেশ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(ড. নাসিরউদ্দীন আহমেদ)

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

( কাস্টমস )

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/কাস্টমস্।- Customs Act, 1969  
 (Act IV of 1969) এর section 219(1) এর প্রদত্ত ক্ষমতাবলে, section 217A এর  
 সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড, শুদ্ধ (পুরস্কার মঞ্জুরী) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ  
 অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালায়-

(ক) বিধি ২ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নবর্ণিত উপ-বিধি (৩)  
 প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“(৩) “পুরস্কার” অর্থ শুদ্ধ-কর ফাঁকি বা চোরাচালানের প্রচেষ্টা  
 প্রতিরোধ অথবা শুদ্ধ-কর ফাঁকি বা চোরাচালান ঘটনা উদ্ঘাটনের বা  
 বকেয়া রাজস্ব আদায়ের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণকারী  
 ব্যক্তি অথবা উক্তরূপ কর্মকাণ্ডের তথ্য সরবরাহকারী ব্যক্তির কাজের  
 স্বীকৃতিস্বরূপ প্রদত্ত অর্থ;”;

1969

আইন,

নামার্থে,

তাবেক

৪/শুদ্ধ,



(খ) বিধি ৪ এর-

- (অ) দফা (গ) এর শেষাংশে উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;  
 (আ) দফা (ঘ) এর প্রান্তস্থিত দাঁড়ি (।) চিহ্নের পরিবর্তে সেমিকোলন (;) চিহ্ন ও “এবং” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং  
 (ই) দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা :-

“(ঙ) ক্যাটাগরী-৫ : কোন কর্মকর্তা কর্তৃক ন্যূনতম ৩ (তিন) বৎসরের পুরাতন বকেয়া রাজস্ব অনুসন্ধান, প্রচেষ্টা ও যোগাযোগের মাধ্যমে আদায় সংক্রান্ত মামলা।”;

(গ) বিধি ৬ এর-

- (অ) দফা (ঙ) এর শেষাংশে উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;  
 (আ) দফা (চ) এর প্রান্তস্থিত দাঁড়ি (।) চিহ্নের পরিবর্তে সেমিকোলন (;) চিহ্ন ও “এবং” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং  
 (ই) দফা (চ) এর পর নিম্নরূপ নূতন দফা (ছ) সংযোজিত হইবে, যথা :-

“(ছ) বকেয়া রাজস্ব আদায়ের ক্ষেত্রে, আদায়কৃত সমুদয় বকেয়া শুদ্ধ-কর ও অর্থদণ্ডের সমষ্টি।”;

(ঘ) বিধি ৭ এ উল্লিখিত ছক এর পরিবর্তে নিম্নরূপ ছক প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ছক

ক্রমিক নং	ক্যাটাগরি	পুরস্কারযোগ্য অর্থের পরিমাণ
(১)	(২)	(৩)
১।	ক্যাটাগরি-১	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%
২।	ক্যাটাগরি-২	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%
৩।	ক্যাটাগরি-৩	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%
৪।	ক্যাটাগরি-৪	আটক পণ্য মূল্যের ৫%; তবে শর্ত থাকে যে, ক্যাটাগরি- ৪ এ পুরস্কারের পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক হইবে না।
৫।	ক্যাটাগরি-৫	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%

